



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা - ১০০০।

[www.pallisanchaybank.gov.bd](http://www.pallisanchaybank.gov.bd)

স্মারক নং-পসব্য/প্রকা/হিসাব-১/২০১৮-১৯/৩৬২০

তারিখ: ২৯/১১/২০১৮খ্রি:

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

**বিষয় :** ব্যাংকে স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীদের প্রকল্প হতে বেতন ভাতাদির প্রাপ্ত চেক পল্লী সঞ্চয় ব্যাংকে জমাকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে প্রকল্পের ২০/১১/২০১৮ তারিখের স্মারক নং এবাএখা/অর্থ ও হি/মা:বা: অর্থ বরাদ্দ/০২/২০১৮-১৯/৭১৬ এর মাধ্যমে ব্যাংকে স্থানান্তরিত কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদির চেক হিসাব রক্ষণ অফিস হতে গ্রহণ করে পল্লী সঞ্চয় ব্যাংকের নামে স্থানীয় সোনালী ব্যাংকে খোলা এসএনডি হিসাবে জমা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। উপরোক্ত বিষয়ে শাখাসমূহের করণীয়েদের উপর নির্দেশনা প্রদানের জন্য শাখাগুলো অনুরোধ করে আসছে। এতদবিষয়ে শাখাসমূহকে নিম্নবর্ণিত কার্যাদি সম্পন্ন করতে হবে :

- ২.১ হিসাব রক্ষণ অফিস কর্তৃক ইস্যুকৃত চেক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে পল্লী সঞ্চয় ব্যাংকে খোলা তাদের সঞ্চয়ী আমানত হিসাবে জমা স্লিপের মাধ্যমে শাখায় জমা দিতে হবে।
- ২.২ শাখা কর্তৃক প্রাপ্ত চেকসমূহ সোনালী ব্যাংকে খোলা পল্লী সঞ্চয় ব্যাংকের এসএনডি হিসাবে জমা দিতে হবে।
- ২.৩ উক্ত চেকের অর্থ সোনালী ব্যাংকে রক্ষিত পল্লী সঞ্চয় ব্যাংকের হিসাবে জমা হওয়ার পর শাখাকে নিম্নবর্ণিতভাবে একটি ট্রান্সফার ভাউচার প্রস্তুত করতঃ যথানিয়মে ব্যাংকের সিবিএস এ পোস্টিং প্রদান করতে হবে এবং ভাউচারের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক চেক জমার স্লিপের অংশ এবং সোনালী ব্যাংকে জমার স্লিপের অংশ সংযুক্ত করতে হবেঃ

ডেবিট		বিবরণ	ক্রেডিট	
টাকা	হিসাবের নাম ও কোড নং	জনাব -----,(পদবী) -----এর-----/২০১৮ মাসের বেতন/ভাতাদি বাবদ প্রাপ্ত চেক নং ----- -----তারিখঃ ----- তার সঞ্চয়ী হিসাবে জমা করা হলো।	হিসাবের নাম ও কোড নং	টাকা
১০০০০	সোনালী ব্যাংক হিসাব (কোড নং ৩০২০৫০০১)		সঞ্চয়ী আমানত হিসাব নং	১০০০০
১০০০০		মোট দশ হাজার টাকা মাত্র		১০০০০

২.৪ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী উত্তোলন স্লিপের মাধ্যমে তাঁর সঞ্চয়ী আমানত হিসাব হতে টাকা উত্তোলন করবেন।

২.৫ শাখা কর্তৃক যথাযথভাবে পোস্টিং প্রদানপূর্বক ক্যাশ থেকে টাকা প্রদান করতে হবে।

০৩। এমতাবস্থায়, উপরোক্তভাবে কার্যাদি সম্পন্ন করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো। এতদবিষয়ে প্রয়োজনে জনাব তোফায়েল আহমেদ চৌধুরী, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, মোবাইল : ০১৯৩৮৮৭৮৯৫৯ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ১) চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, একটি বাড়ি একটি খামার প্রকল্প।
- ৪। নথি/মহানথি।